জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়,
ঢাকা।
Website: www.jb.com.bd

আইসিটি ডিভিশন
ফোনঃ ০২-৫৫১১০০৪২

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বরঃ ১২৭৫/২৪

তারিখঃ ১৫ আগষ্ট, ২০২৪ ইং। / ৩১ শ্রাবন, ১৪৩১ বাং।

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি. প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয়ঃ অত্র ব্যাংকের ব্যাংকিং অ্যাপস্ e-janata এবং শাখায় JB Online Solution এর মাধ্যমে ক্রেডিট কার্ড এর বিল /বকেয়া পেমেন্ট প্রসঙ্গে।**

মহোদয়,

জনতা ব্যাংক পিএলসি. এর ব্যাংকিং সেবা আধুনিকায়ন, দ্রুত ও সহজতর করা এবং ক্রেডিট কার্ড গ্রাহকের বিল/বকেয়া প্রদান সহজীকরণ এবং উন্নতকরণের লক্ষ্যে ঘরে বসে e-janata Apps এর মাধ্যমে এবং যে কোন শাখা হতে JB Online Solution ব্যবহার করে গ্রাহকের ক্রেডিট কার্ড এ্যাকাউন্টে টাকা জমাকরণ সেবা চালু করা হয়েছে।

অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট কর্তৃক e-janata Apps এবং শাখায় JB Online Solution এর আওতায় ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া প্রদান করার মডিউল তৈরী করা হয়, যা পরিচালনার নিয়মাবলী সবিস্তারে নিম্নে উল্লেখ করা হলোঃ

**জনতা ব্যাংক পিএলসি. এর ক্রেডিট কার্ড এর বিল পেমেন্টের নির্দেশনা সমূহঃ**

জনতা ব্যাংক পিএলসি. এর ক্রেডিট কার্ডের সম্মানিত গ্রাহকগণ ক্রেডিট কার্ডের টাকা জমা করতে পারবেন দুই ভাবে;

১. জনতা ব্যাংক পিএলসি. এর ব্যাংকিং অ্যাপস **'eJanata'** এর মাধ্যমে;
২. অত্র ব্যাংকের সকল শাখার ক্যাশ কাউন্টারের মাধ্যমে।

**২। সম্মানিত গ্রাহকের ব্যাংকিং অ্যাপস্ 'eJanata' এ করণীয়ঃ**

**২.১।** সম্মানিত গ্রাহক জনতা ব্যাংক পিএলসি. এর ব্যাংকিং অ্যাপস্ 'eJanata' এর মাধ্যমে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমা প্রদান করবে। উল্লেখ্য, বিল/ বকেয়া জমা প্রদানের পদ্ধতি সহ Terms and Conditions এবং Privacy Policy এর বিস্তারিত eJanata.com.bd-এ প্রদত্ত ম্যানুয়ালে পাওয়া যাবে।

**২.২। Transaction Period:** 'eJanata' অ্যাপস্ এর মাধ্যমে Banking Transaction Hour এর মধ্যে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমা হলে Same Working Day-তে গ্রাহক এর Credit Card Account এ স্থানান্তরিত হবে। তবে উল্লেখ থাকে যে, Banking Transaction Hour এর পরে গ্রাহকের জমাকৃত টাকা Next (t+1) Working Day এর মধ্যে গ্রাহকের Credit Card Account এ জমা হবে।

**৩। সম্মানিত গ্রাহক অত্র ব্যাংকের সকল শাখার ক্যাশ কাউন্টারের মাধ্যমে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমা প্রদান এ করনীয়ঃ**

জনতা ব্যাংক পিএলসি. এর সম্মানিত ক্রেডিট কার্ডের গ্রাহক অত্র ব্যাংক কর্তৃক প্রদত্ত জমা স্লিপ গ্রহণের পর সকল তথ্যাদি পূরণ পূর্বক শাখায় ক্যাশ কাউন্টারে টাকা জমা দিবেন।

**৪। ক্যাশ কাউন্টারের মাধ্যমে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমা গ্রহণে শাখার করনীয়ঃ**

JB Online Solution এর মাধ্যমে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমাকরণের ক্ষেত্রে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ পূর্বক "JB Online Solution" এর ইউজার আইডি এবং পাসওয়ার্ড গ্রহণ পূর্বক নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করে গ্রাহককে সহায়তা প্রদান করবে।

অপর পাতা দ্রষ্টব্য

**বিষয়ঃ অত্র ব্যাংকের ব্যাংকিং অ্যাপস্ e-janata এবং শাখায় JB Online Solution এর মাধ্যমে ক্রেডিট কার্ড এর বিল /বকেয়া পেমেন্ট প্রসঙ্গে।**

(পূর্বের পাতার পর)

৪.১। **Cash Receive:** গ্রাহকের জমা স্লিপ গ্রহণের পর সকল তথ্যাদি যাচাইয়ের পর তথ্য সঠিক হলে গ্রাহকের প্রদানকৃত টাকা শাখা গ্রহণ করবে এবং T24 Software এ Entry দিবে। সেক্ষেত্রে T24 Software এ হিসাবায়ন নিম্নরূপঃ

Dr. Customer A/C / Cash
Cr. Intermediatory A/C for Credit Card Bill (BDT1661200010888)

৪.২। **JB Online Solution operation process:** শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা T24 Software এ জমাকৃত ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া ট্রানজেকশন এর FT নম্বর JB Online Solution এ পোষ্টিং এর মাধ্যমে Customer Credit Card A/C এ Same Working Day -তে Banking Transaction Hour এর মধ্যে জমা করতে হবে। প্রতি কর্মদিবসে T24 Software এ জমাকৃত ট্রানজেকশন এর FT নম্বর JB Online Solution এ পোষ্টিং এর মাধ্যমে Customer Credit Card A/C এ জমা না করলে ক্রেডিট কার্ড সংশ্লিষ্ট ভেন্ডর (ITCL) প্রদত্ত CMS Software এ ক্রেডিট কার্ড হোল্ডার এ্যাকাউন্টে টাকা/বকেয়া বিল জমা হবে না। এক্ষেত্রে ক্রেডিট কার্ড হোল্ডার আর্থিক ক্ষতির সম্মুখীন হবেন।

**৫। অত্র ব্যাংকের সকল শাখার ক্যাশ কাউন্টার এবং ব্যাংকিং অ্যাপস্ 'eJanata' এর মাধ্যমে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমা গ্রহণে জনতা ভবন কর্পোরেট শাখার করণীয়ঃ**

সম্মানিত গ্রাহক জনতা ব্যাংক পিএলসি. এর ব্যাংকিং অ্যাপস্ 'eJanata' এবং শাখায় ক্যাশ কাউন্টারের (JB Online Solution) মাধ্যমে গ্রাহকের ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া এর জমাকৃত টাকা জনতা ভবন কর্পোরেট শাখায় পরিচালিত **GL Head A/C-** Intermediatory A/C for Credit Card Bill (BDT1661200010888) এ জমা হয় বিধায় জনতা ভবন কর্পোরেট শাখা প্রতি কর্মদিবসে Banking Transaction Hour এর সমাপনান্তে EJSRS Software এ জমাকৃত সমপরিমান টাকার প্রাপ্ত রিপোর্ট গ্রহণপূর্বক ক্রেডিট কার্ড হিসাব T24 Software এ Loan against Credit Card (BDT1352200010888) সমন্বয় করবে। এক্ষেত্রে T24 Software এ হিসাবায়ন নিম্নরূপঃ

Dr. Intermediatory A/C for Credit Card Bill (BDT1661200010888)
Cr. Loan against Credit Card (BDT1352200010888)

**৬। এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট/ জনতা ভবন কর্পোরেট শাখা/ অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্টের করণীয়ঃ**

এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট/ জনতা ভবন কর্পোরেট শাখা/ অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করে গ্রাহককে সহায়তা প্রদান করবে।

৬.১। **Upload Customer Information:** এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট সকল নতুন ক্রেডিট কার্ড গ্রাহকদের তথ্য EJSRS Software এর নির্ধারিত মেনুতে নিয়মিত Upload করবে এবং Closed Contact গুলো মুছে ফেলবে।

৬.২। **Transaction Data Processing:** এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট প্রতি কর্মদিবসে Banking Transaction Hour এর মধ্যে EJSRS Software এ জমাকৃত সকল Successful Transaction এর Data ডাউনলোড করবে এবং তা Same Working Day-তে ITCL ভেন্ডর প্রদত্ত CMS Software এ Upload করবে। Banking Transaction Hour এর পরে গ্রাহকের জমাকৃত টাকা Next (t+1) Working Day এর মধ্যে CMS Software এ Upload করবে।

৭। **Help and Support:** জনতা ব্যাংক পিএলসি. এর ব্যাংকিং অ্যাপস্ 'eJanata' এর মাধ্যমে ক্রেডিট কার্ডের বিল/ বকেয়া জমা প্রদানের ক্ষেত্রে বিস্তারিত eJanata.com.bd-এ প্রদত্ত ম্যানুয়ালে পাওয়া যাবে। এছাড়াও 'eJanata' সংক্রান্ত যে কোন সমস্যা অথবা উপরে উল্লিখিত যেকোন ক্ষেত্রে ব্যর্থ হলে গ্রাহক সংশ্লিষ্ট শাখার সহায়তা গ্রহণ করতে পারবেন। প্রয়োজনে যোগাযোগের জন্য অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট ফোন নম্বর :- ০১৩১৩০৮০১০১, ০১৩১৩০৮০১০২। আরও উল্লেখ্য, গ্রাহকের টাকা Credit Card Account এ জমা সংক্রান্ত তথ্যের জন্য গ্রাহককে সংশ্লিষ্ট শাখা/ এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট /জনতা ব্যাংক হেল্পলাইনে যোগাযোগ করতে হবে। এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট প্রয়োজনে যোগাযোগের জন্য ফোন নম্বর ০২-৪১০৭০৫১০, ০১৩১৩০৮০২৩৫।

অপর পাতা দ্রষ্টব্য

**বিষয়ঃ অত্র ব্যাংকের ব্যাংকিং অ্যাপস্ e-janata এবং শাখায় JB Online Solution এর মাধ্যমে ক্রেডিট কার্ড এর বিল /বকেয়া পেমেন্ট প্রসঙ্গে।**

(পূর্বের পাতার পর)

৮। **Security:** অত্র ব্যাংকের ব্যাংকিং অ্যাপস্ 'eJanata' এর ব্যবহার, গ্রাহক সেবা এবং JB Online Solution সফটওয়্যারের ব্যবহারের ক্ষেত্রে অত্র ব্যাংকের ICT Security Policy পরিপালন করা আবশ্যক। বিশেষ করে ICT Security Policy, December 2022 এর ধারা ৫.২৭ ও ধারা ৯.৫.১১ এবং অধ্যায় ১২ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৯। **বিশেষ নির্দেশনাঃ** ক্রেডিট কার্ডের বিল/বকেয়া জমা প্রদানের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত JB Remittance Software ব্যবহার রহিত করতঃ এ নির্দেশ বিজ্ঞপ্তি অনুসরণ করার নির্দেশ প্রদান করা হলো।

এমতাবস্থায়, উপরোক্ত নীতিমালা অনুযায়ী ব্যাংকিং অ্যাপস্ e-janata এবং শাখায় JB Online Solution এর মাধ্যমে ক্রেডিট কার্ড এর বিল পেমেন্ট করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। জারিকৃত সার্কুলার অনতিবিলম্বে কার্যকর হবে। এতদবিষয়ে যে কোন ধরনের ব্যাখ্যার প্রয়োজন হলে এডিসি অ্যান্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এর সাথে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

| | | |
|---|---|---|
| (মোঃ মনিরুল হক) | (মোহাম্মদ সোহরাব হোসেন) | (মোঃ নুরুল ইসলাম মজুমদার) |
| উপ-মহাব্যবস্থাপক | উপ-মহাব্যবস্থাপক | উপব্যবস্থাপনা পরিচালক। |
| এডিসি এন্ড আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট। | অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট। | |